



## বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ বগুড়া বারপুর, বগুড়া

### দরপত্র আহ্বান: টিভি ক্রয়ের জন্য ঠিকাদার নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ বগুড়া এর কেজি রুমের জন্য টিভি ক্রয় করা হবে। এ লক্ষ্যে প্রকৃত টিভি সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে বন্ধ খামে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নির্বাচিত ঠিকাদারকে প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক টিভি সরবরাহ করতে হবে। দক্ষ ও আর্থিকভাবে স্বচ্ছল আগ্রহী প্রতিষ্ঠান ১১ মে ২০২৬ তারিখ হতে ১৩ মে ২০২৬ তারিখ ০৮০০ ঘ: হতে ১৪০০ ঘ: (কর্মদিবস) পর্যন্ত কলেজ অফিস হতে ৩০০/- (তিনশত) টাকা (অফেরত যোগ্য) প্রদান করে দরপত্র সংগ্রহ করতে পারবেন।। দরপত্রের সাথে নিজ প্রতিষ্ঠানের অনুকূলে নিম্নবর্ণিত দলিল পত্রাদি জমা দিতে হবে:

- ১। প্রতিষ্ঠানের নামে হালনাগাদ ট্রেড লাইসেন্স।
- ২। প্রতিষ্ঠানের মালিকের ভোটার আইডি কার্ডের ফটোকপি ০১টি।
- ৩। পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি ০১ কপি।

উক্ত দলিলাদি/সনদপত্রসহ পূরণকৃত দরপত্রের মূল কপি অধ্যক্ষ, বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ বগুড়া- এর বরাবরে আগামী ১৪ মে ২০২৬ তারিখ হতে ১৭ মে ২০২৬ তারিখ ১৩০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ বগুড়ায় রক্ষিত টেন্ডার বাক্সে জমা দেয়া যাবে। ১৭ মে ২০২৬ তারিখ ১৩৩০ ঘটিকার সময় বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ বগুড়ায় টেন্ডার বাক্স খোলা হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে সকল অথবা যে কোনো দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অধ্যক্ষ

বিএএফ শাহীন কলেজ বগুড়া

১১ মে ২০২৬

দূরলাপনী: ০১৭৬৯৪০৫৫৯২/০১৩১৩৭২১২১৮



## বিএএফ শাহীন কলেজ বগুড়া ঠিকাদার নিয়োগের শর্তাবলী

১। নিম্নের ছকে উল্লেখিত ব্র্যান্ড, মডেল ও পরিমাণ অনুযায়ী টিভি সরবরাহ করতে হবে।

Product	Brand	Model	Qty
LED TV	Haier	H50P7UX(HQ LED, Google TV)	03

- ২। দরপত্র মূল্যায়নে প্রস্তুতকৃতব্য সম্ভাব্য পরিমাণের সহিত উদ্ধৃত দরের সমন্বয় করিয়া নিম্ন দরদাতা নির্ধারিত হবে।
- ৩। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানকে সিডিউল ও শর্তাবলীর প্রতি পাতায় প্রাতিষ্ঠানিক সীলমোহরসহ দস্তখত করতঃ মূলকপি প্রদত্ত দরের সাথে জমা দিতে হবে।
- ৪। কর্তৃপক্ষের দেওয়া নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ৫। বর্ণিত কার্যক্রম সম্পন্ন সংক্রান্ত যাবতীয় কর্মকাণ্ড নিজ দায়িত্বে যথাযথ সততার সহিত সম্পাদন করতে হবে। কোন মতপার্থক্য পরিলক্ষিত হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৬। Sub contract এর মাধ্যমে কার্য সমাধান করা যাবে না।
- ৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

অধ্যক্ষ

বিএএফ শাহীন কলেজ বগুড়া

১১ মে ২০২৬